

চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ১৮ তারিখ: ২০ জুলাই ২০১৭ বৃহস্পতিবার

সর্বশেষ পরিস্থিতি

৯ এপ্রিল হতে ২০ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৭৭৫ জন।

আইইডিসিআর-এ দেশের বিভিন্ন জেলার সিভিল সার্জন ও মেডিকেল কলেজ হাসপাতাল হতে প্রাপ্ত সম্ভাব্য রোগীর সংখ্যা ত্রেরণ করা হয়। সম্ভাব্য রোগীর সংজ্ঞাঃ যদি কোন ব্যক্তি জ্বর এবং গিরায় ব্যাথা বা প্রদাহ নিয়ে চিকিৎসকের নিকট আসেন তবে তিনি সম্ভাব্য রোগী হিসাবে বিবেচিত হয়েছেন। এ সব তথ্য পাবার পরে আইইডিসিআর নিয়ন্ত্রণ কক্ষ থেকে যাচাই-বাছাই করে রোগীর সংখ্যা চূড়ান্ত করা হয়েছে।

জেলার নাম	সম্ভাব্য রোগীর মোট সংখ্যা (২০/০৭/১৭ পর্যন্ত)	যাচাই-বাছাই শেষে মোট রোগীর সংখ্যা (২০/০৭/১৭ পর্যন্ত)
দিনাজপুর	১	০
বগুড়া	৮	৪
জয়পুরহাট	১	০
বরিশাল	২	০
গোপালগঞ্জ	৯	১
ঢাকা জেলা*	১৮	৫
নরসিংদী	১৫	১১
মুন্সীগঞ্জ	১৪	২
নারায়নগঞ্জ	৭	০
গাজীপুর	৪	২
নেত্রকোনা	২	০
হবিগঞ্জ	৩	০
লক্ষ্মীপুর	৩	০
চট্টগ্রাম	৭	০
রাজশাহী	১	১
সর্বমোট	৯৫	২৬**

*সিটি কর্পোরেশন ব্যতীত

** এদের ঢাকা মহানগরে ভ্রমণের ইতিহাস আছে ও এরা অধিকাংশ পোস্ট-চিকুনগুনিয়া আর্থাইটিস এ আক্রান্ত।

“সকল জ্বরই চিকুনগুনিয়া নয়”

“চিকুনগুনিয়া কোন মারাত্মক রোগ নয়”



স্বাস্থ্য অধিদপ্তরে-এ ঝুঁকি বিষয়ে মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালকদের সাথে ভিডিও পরামর্শ সভা

মেডিকেল কলেজের অধ্যক্ষ, পরিচালকদের সাথে ঝুঁকি বিষয়ে গণসংযোগ পরামর্শ সভা

আজ ২০ জুলাই সকল সরকারী মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও হাসপাতালের পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের, বিশেষায়িত হাসপাতালসমূহের ও বিভাগীয় পরিচালকগণের সাথে ঝুঁকি বিষয়ে গণসংযোগ (Risk Communication) পরামর্শ সভা স্বাস্থ্য অধিদপ্তরের সম্মেলন কক্ষ থেকে “ভিডিও কনফারেন্সিং” এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য সেবা বিভাগের সচিব জনাব সিরাজুল হক খান সভার উদ্বোধন করেন। স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক আবুল কালাম আজাদ সভায় বক্তব্য রাখেন। বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের গণসংযোগ বিশেষজ্ঞ মিস্ শামিলা শর্মা সভা পরিচালনা করেন।

সাংবাদিকদের সাথে ঝুঁকি বিষয়ে গণসংযোগ পরামর্শ সভা

আজ ২০ জুলাই সাংবাদিকদের নিয়ে “Partnering with media for better health” শীর্ষক পরামর্শ সভা আইইডিসিআর এর মিলনায়তনে অনুষ্ঠিত হয়। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য ও ডাব্লুএইচও) জনাব রোকসানা কাদের পরামর্শ সভা উদ্বোধন করেন। উক্ত সভায় আলোচনা করেন স্বাস্থ্য



অধিদপ্তরের রোগ নিয়ন্ত্রণ শাখার পরিচালক, আইইডিসিআর-এর পরিচালক প্রমুখ। বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের গণসংযোগ বিশেষজ্ঞ মিস্ শামিলা শর্মা সভা পরিচালনা করেন। বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক গণমাধ্যমের প্রতিনিধিগণ আলোচনায় অংশ নেন।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯ ৩৭১১০০১১, ০১৯ ৩৭০০০০১১ ফোন করুন